



# জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট



বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়



# জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট



বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

## মুখবন্ধ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট জাতির মানসিক উৎকর্ষ সাধন এবং সুস্থ সমাজ গঠনের মহান ব্রত নিয়ে সুদীর্ঘ ৪৪ বছর ধরে গণযোগাযোগকর্মীদের নিয়ে কাজ করে আসছে। এ সংস্থার মূল উদ্দেশ্য মানুষকে উদ্দীপ্ত ও উদ্বুদ্ধকরণের কলাকৌশল সংক্রান্ত প্রশিক্ষণ দিয়ে ও সমসাময়িক জ্ঞানের বিস্তার করে দেশব্যাপী দক্ষ গণমাধ্যমকর্মী সৃষ্টি করা। মানুষকে সফলভাবে দেশপ্রেমে উদ্বুদ্ধ ও ঐক্যবদ্ধকরণ, সহর্মিতা, সহনশীলতা, মূল্যবোধ জাগ্রত ও বিকাশের মাধ্যমে অশিক্ষা-কুশিক্ষামুক্ত সুস্থ সমাজ গঠনে সফল গণমাধ্যমকর্মী সৃষ্টি করাই জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ব্রত।

উল্লিখিত লক্ষ্য অর্জনকল্পে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানের সদস্যসহ সরকারি ও বেসরকারি গণমাধ্যমকর্মী, ফ্রিল্যান্সার, বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, কমিউনিটি রেডিয়োকর্মী এবং শিশু-সাংবাদিকদের প্রশিক্ষণ দিয়ে যাচ্ছে। প্রশিক্ষণের বিষয়বস্তুর মধ্যে রয়েছে নাটক, প্রামাণ্যচিত্র, বার্তা সম্পাদনা ও উপস্থাপনা, সিনেমা, টেলিভিশন কমার্শিয়াল (TVC) এবং খণ্ডচিত্র (Spot) তৈরির কলাকৌশল এবং এর সাথে সংশ্লিষ্ট যন্ত্রপাতির ব্যবহার ও রক্ষণাবেক্ষণ। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট দেশব্যাপী দক্ষ গণমাধ্যমকর্মী গড়ে তোলার জন্য বিভিন্ন সাম্প্রতিক বিষয়বস্তুর ওপর শ্রেণিকক্ষে এবং Online এ কর্মশালার আয়োজন করে।

জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত শিক্ষাবর্ষে এ ইনস্টিটিউট ১৫টি প্রশিক্ষণ কোর্স আয়োজন করে। বিসিএস (তথ্য) ক্যডারের কর্মকর্তাদের বিভাগীয় প্রশিক্ষণ, ৫টি বিশ্ববিদ্যালয় এর জন্য টেলিভিশন নাটক প্রযোজনা সংক্রান্ত কোর্স, বর্ষব্যাপী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম (PGDBJ) কোর্স, সরকারের নির্বাচনী ইশতেহার, নারী ও শিশুর অধিকার সংক্রান্ত সচেতনতা বিষয়ক কর্মশালা, Platforms for Dialouge (P4D) প্রকল্পের আওতায় সুশাসনের জন্য কৌশলগত যোগাযোগ বিষয়ে সেমিনার ও কর্মশালা এবং নিজস্ব সংস্থার লোকবলের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করেছে। এছাড়া, এ সময়ে ২টি গবেষণাপত্র ও ১টি জার্নাল প্রকাশিত হয়েছে। এখান থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্রছাত্রীরা দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে চাকুরিতে দক্ষতার সাথে কাজ করে যাচ্ছে।

এ প্রতিবেদনে ইনস্টিটিউট কর্তৃক সম্পাদিত কার্যক্রমের বিবরণ উপস্থাপন করা হয়েছে।

ইনস্টিটিউটের চলমান কার্যক্রমের সাথে সম্পৃক্ত সকলকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

ফায়জুল হক

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

## বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কমিটি

- সভাপতি : ফায়জুল হক  
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
- সদস্যবৃন্দ : মো. নজরুল ইসলাম  
পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)
- এ, কে, এম আজিজুল হক  
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
- ড. মো. মারুফ নাওয়াজ  
পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান)
- মো. সোহেল রানা  
উপপরিচালক (প্রশাসন)
- ওমর খৈয়াম  
সহকারী গ্রন্থাগারিক
- সদস্য সচিব : মো. ফাইম সিদ্দিকী  
গবেষণা কর্মকর্তা
- সাচিবিক দায়িত্ব : কাজী ইসমাইল  
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
- প্রকাশকাল : আগস্ট ২০২৩

### প্রকাশনায়

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬।  
ফোন : ৫৫০৭৯৪২৮, ফ্যাক্স : +৮৮ ০২৫৫০৭৯৪৪৩  
e-mail:dg@nimc.gov.bd, Website-www.nimc.gov.bd

## সূচিপত্র

অধ্যায়	বিষয়বস্তু	পৃষ্ঠা
প্রথম অধ্যায়	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট পরিচিতি	১-৩
দ্বিতীয় অধ্যায়	ইনস্টিটিউটের জনবল	৪-৭
তৃতীয় অধ্যায়	কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব	৮-২৫
চতুর্থ অধ্যায়	ইনস্টিটিউটের সিটিজেন'স চার্টার	২৬-৩৫
পঞ্চম অধ্যায়	ইনস্টিটিউটের সুযোগ সুবিধা	৩৬-৩৭
ষষ্ঠ অধ্যায়	লাইব্রেরি, কম্পিউটার ল্যাব ও আইসিটি	৩৮-৪২
সপ্তম অধ্যায়	প্রশিক্ষণ এবং কর্মশালাসমূহ	৪৩-৫৭
অষ্টম অধ্যায়	ইনস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৫৮-৬১
নবম অধ্যায়	গবেষণা ও প্রকাশনা	৬২-৬৪
দশম অধ্যায়	ইনস্টিটিউটের উন্নয়ন প্রকল্প	৬৫
একাদশ অধ্যায়	বাজেট ও হিসাব	৬৬-৭৪
দ্বাদশ অধ্যায়	অফিস আদেশ ও নীতিমালাসমূহ	৭৫
ত্রয়োদশ অধ্যায়	২০২৩-২৪ অর্থবছরের প্রশিক্ষণপঞ্জি	৭৬-৭৭
চতুর্দশ	অর্গানোগ্রাম (পরিশিষ্ট-১)	৭৮
	আলোকচিত্র (পরিশিষ্ট-২)	৭৯-৮২

**প্রথম অধ্যায়**  
**জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট**  
**(National Institute of Mass Communication)**

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (সাবেক জাতীয় সম্প্রচার একাডেমি) প্রতিষ্ঠানটি ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (UNDP), ইউনাইটেড নেশনস এডুকেশন সায়েন্টিফিক এন্ড কালচারাল অর্গানাইজেশন (UNESCO) এবং ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন (ITU)-এর সহযোগিতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি প্রকল্পরূপে ১৯৮০ খ্রিস্টাব্দে কার্যক্রম শুরু করে। পরবর্তীতে এর নামকরণ করা হয় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীনস্থ একটি অধিদপ্তর এবং প্রিন্ট, ইলেকট্রনিক গণমাধ্যম প্রশিক্ষণ প্রতিষ্ঠান। একবিংশ শতাব্দীর শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রশিক্ষণের মাধ্যমে গণমাধ্যম কর্মকাণ্ডের উন্নয়ন এবং যোগাযোগকে আরো গতিশীল ও বহুনিষ্ঠ করে তোলা জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মূল লক্ষ্য।

এ ইনস্টিটিউটে সরকারি-বেসরকারি বেতার ও টেলিভিশনের অনুষ্ঠান ও প্রকৌশল বিষয়সমূহ, চলচ্চিত্র, রিপোর্টিং এবং তথ্য ও উন্নয়ন যোগাযোগের ওপর প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার পরিচালিত হয়। তথ্য ক্যাডার কর্মকর্তাদের জন্য বাধ্যতামূলক বিভাগীয় প্রশিক্ষণের আয়োজন এখানে করা হয়। বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, তথ্য অধিদপ্তর এবং গণযোগাযোগ অধিদপ্তরে কর্মরত সম্প্রচার ও যোগাযোগ কর্মকর্তাদের জন্য বার্তা, অনুষ্ঠান বিষয় ও কারিগরি প্রশিক্ষণের আয়োজন করে। এছাড়াও, বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তি যারা ইলেকট্রনিক মাধ্যম ও গণমাধ্যমের সঙ্গে যুক্ত বা যুক্ত হতে আগ্রহী, তাঁরা এখানে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে পারেন। প্রশিক্ষণের পাশাপাশি গবেষণার মাধ্যমে বাংলাদেশে ইলেকট্রনিক মিডিয়ার সমন্বয়যোগ্য উন্নয়নের কাজ এ ইনস্টিটিউট করে থাকে।

**রূপকল্প (Vision) :**

গণমাধ্যমের জন্য কার্যকর, দক্ষ ও ফলপ্রসূ জনশক্তি তৈরি করা।

**অভিলক্ষ্য (Mission) :**

জ্ঞান এবং দক্ষতানির্ভর প্রশিক্ষণের মাধ্যমে সম্প্রচার জগতের জন্য একবিংশ শতাব্দীর উপযোগী মানবসম্পদ গড়ে তোলা।

**কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :**

১. বেতার, টেলিভিশন, চলচ্চিত্রসহ সকল প্রকার ইলেকট্রনিক গণমাধ্যম ও গণযোগাযোগের জন্য মানব সম্পদ উন্নয়ন।
২. তথ্য সম্পর্কিত আইন/নীতিমালাসমূহ সম্পর্কিত জ্ঞানের বিস্তার।
৩. অনুষ্ঠান তৈরি ও প্রযুক্তিগত প্রশিক্ষণ প্রদান।
৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।
৫. সামাজিক সচেতনতা বৃদ্ধি ও নৈতিকতা উন্নয়ন।
৬. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
৭. গণমাধ্যম বিষয়ক নীতিমালা সুপারিশ।

**ইনস্টিটিউটের কার্যাবলী (Funtions/Activities) :**



- ক) বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, প্রেস ইনস্টিটিউট, ফিল্ম আর্কাইভ, সেন্সর বোর্ড, তথ্য ক্যাডারসহ তথ্য মন্ত্রণালয়ের সকল দপ্তরে কর্মরত সরকারি পর্যায়ে সম্প্রচার ও যোগাযোগ কর্মীদের দক্ষতা ও কারিগরি মান বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;
- খ) বেসরকারি পর্যায়ে গণমাধ্যম পেশায় নিয়োজিত এবং নবাগতদের অনুষ্ঠান শাখা, প্রকৌশল শাখা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা কলাকুশলীদের প্রশিক্ষণের মাধ্যমে বেতার ও টেলিভিশন সম্প্রচারের মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ;
- গ) চলচ্চিত্রকর্মীদের জন্য চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ প্রদান;
- ঘ) বিভিন্ন ধরনের সেমিনার ও কর্মশালার আয়োজন;
- ঙ) একবছর মেয়াদি পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ব্রডকাস্ট জার্নালিজম পরিচালনা;
- চ) অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা;
- ছ) বেতার, টেলিভিশন ও চলচ্চিত্র বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;
- জ) মিডিয়ার সঙ্গে সম্পৃক্ত অন্যান্য জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সংগে যোগাযোগ স্থাপন;
- ঝ) ইনস্টিটিউট কর্তৃক বিভিন্ন পাঠ্যধারায় নির্মিত বেতার ও টেলিভিশন অনুষ্ঠান সিডি ও ডিভিডিতে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করে লাইব্রেরি সমৃদ্ধকরণ;
- ঞ) উন্নয়ন সম্প্রচার ও গণযোগাযোগের ক্ষেত্রে সম্পৃক্ত বিষয়ে সেমিনার, কর্মশালা ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি আয়োজন;
- ট) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে ইলেকট্রনিক ও চলচ্চিত্র মাধ্যম সংক্রান্ত বিভিন্ন অনুষ্ঠানের দর্শক চাহিদা, প্রশিক্ষণ চাহিদা সংক্রান্ত উপাত্ত সংগ্রহ, দর্শক ও শ্রোতার মতামত এবং অনলাইন মিডিয়া সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রম পরিচালনা ও প্রতিবেদন প্রকাশ;
- ঠ) বেতার, টেলিভিশন এবং নিউ-মিডিয়ার ক্ষেত্রে পরামর্শ সেবা প্রদানের জন্য গণমাধ্যম বিষয়ক জার্নাল ও সংবাদ বার্তা প্রকাশ।
- ড) এছাড়াও, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা/নাটক ও নাট্যতত্ত্ব/ থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগের শিক্ষার্থীদের জন্য 'টেলিভিশন নাটক প্রযোজনা কৌশল' প্রশিক্ষণ পাঠ্যধারা এখানে অনুষ্ঠিত হয়।

### মূল লক্ষ্য/উদ্দেশ্য/কর্মপরিধি :

এই ইনস্টিটিউটে বেতার ও টেলিভিশনের সংবাদ/অনুষ্ঠান, ফিল্ম/ডকুমেন্টরি পরিকল্পনা, নির্মাণ ও পরিবেশনা, প্রকৌশলগত ও রক্ষণাবেক্ষণ এবং জনসংযোগের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন স্তরবিশিষ্ট পাঠ্যধারার ব্যবস্থা রয়েছে। বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য অধিদফতর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, কমিউনিটি রেডিও এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান এর অন্যতম দায়িত্ব।

### প্রশাসন ও ব্যবস্থাপনা :

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন একটি অধিদপ্তর। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এ ইনস্টিটিউটের কর্মকাণ্ডের জন্য সহায়ক প্রশিক্ষণ, আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়ন কার্যাবলীর নীতি নির্ধারণ করে থাকে। তবে প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও তা বাস্তবায়নের ক্ষেত্রে ইনস্টিটিউটের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যৌক্তিক মাত্রায় স্বাধীনতা অনুশীলন করেন। জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ২০০৩ অনুসারে এ ইনস্টিটিউটের কর্মকাণ্ড পরিচালিত হয়।

### সাংগঠনিক কাঠামো :

মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে মহাপরিচালক কর্তৃক এ দপ্তরের প্রশাসন ও আর্থিক ব্যবস্থা পরিচালিত হয়। প্রতিষ্ঠানের মহাপরিচালক সরকারের অতিরিক্ত সচিব পর্যায়ের একজন কর্মকর্তা। মহাপরিচালককে সহায়তা প্রদানের জন্য একজন অতিরিক্ত মহাপরিচালক রয়েছেন। প্রতিষ্ঠানের প্রশিক্ষণ ও প্রশাসনিক কার্য নির্বাহে তিনজন কর্মকর্তা পরিচালক হিসেবে কর্মরত রয়েছেন। পরিচালকগণের ওপর ন্যস্ত এ প্রতিষ্ঠানের নিম্নরূপ ৩টি বিভাগ রয়েছে :

- (ক) পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)
- (খ) পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
- (গ) পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান)।

### অর্গানোগ্রাম ( পরিশিষ্ট-১)



## দ্বিতীয় অধ্যায়

### ইনস্টিটিউটের জনবল

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে ২য় গ্রেড থেকে ১০ম গ্রেডের ৩৫ জন, ১১তম গ্রেড থেকে ২০ তম গ্রেডের ৭৬ জন সহ সর্বমোট ১৩১ জনবল রয়েছে। বর্তমানে রাজস্ব হিসেবে কর্মরত রয়েছে ১০০ জন এবং আউটসোর্সিং হিসেবে কর্মরত রয়েছে ৩২ জন।

(২য় গ্রেড থেকে ১০ম গ্রেড)

ক্রমিক	নাম	পদবি
১.	জনাব ফয়জুল হক	মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
২.	জনাব মোঃ নজরুল ইসলাম	পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)
৩.	জনাব এ. কে. এম আজিজুল হক	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৪.	ড. মোঃ মারুফ নাওয়াজ	পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান)
৫.	জনাব নাহিদ নাজ	আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক (সংযুক্তিতে কর্মরত)
৬.	জনাব মোহাম্মদ আবু সাদেক	উপপরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ)
৭.	জনাব তানিয়া খান	উপপরিচালক (সংযুক্তিতে কর্মরত)
৮.	জনাব মোঃ সোহেল রানা	উপপরিচালক (প্রশাসন)
৯.	জনাব মারুফ হোসেন	রক্ষণ প্রকৌশলী
১০.	জনাব মোহাঃ আব্দুস সালাম	প্রোগ্রামার
১১.	জনাব মোঃ আবুজার গাফফারী	উপপরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ)
১২.	জনাব নুসরাত জাবিন	উপপরিচালক (টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ)
১৩.	জনাব সুমনা পারভীন	উপপরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ)
১৪.	জনাব মোঃ সোহেল পারভেজ	উপপরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ)
১৫.	জনাব হেনা বিউটি	উপপরিচালক (অর্থ)
১৬.	জনাব মোঃ মাসুদ মনোয়ার ভূঞা	উপপরিচালক (ক্যামেরা ও আলোক সম্পা: প্রশি:)
১৭.	জনাব মোঃ আব্দুল মান্নান	উপপরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশি:)
১৮.	বেগম আইরিন সুলতানা	উপপরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব)
১৯.	জনাব নাফিস আহমেদ	সহকারী পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ)
২০.	জনাব মোঃ ফাইম সিদ্দিকী	গবেষণা কর্মকর্তা
২১.	জনাব আসিফ মোহাম্মদ	সহকারী প্রোগ্রামার-১
২২.	জনাব এস. এম. রাফিউল আবেদীন	সহকারী প্রোগ্রামার-২
২৩.	জনাব তানজিম তামান্না	সহকারী পরিচালক (টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ)
২৪.	জনাব সাইফুল্লাহর	সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশিক্ষণ)
২৫.	জনাব মোঃ নূরে আলম	সহকারী পরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ)
২৬.	জনাব প্রদীপ কুমার ঢালী	সহকারী রক্ষণ প্রকৌশলী
২৭.	জনাব ইসমত জাহান চৌধুরী	সহকারী পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পা: প্রশি:)

২৮.	জনাব মোঃ আবু মুসা সরকার	সহকারী পরিচালক (প্রশাসন)
২৯.	জনাব মোঃ আবু হাসান	উপসহকারী প্রকৌশলী (তড়িৎ)
৩০.	জনাব মোহাম্মদ আকরাম হোসেন খান	স্টোর অফিসার
৩১.	জনাব মোঃ রাসেল	উপসহকারী প্রকৌশলী (বেতার)
৩২.	জনাব আবদুল হান্নান	গণসংযোগ কর্মকর্তা
৩৩.	কাজী ওমর খৈয়াম	সহকারী গ্রন্থাগারিক
৩৪.	জনাব মোহাম্মদ রাকিবুল হাসান	উপসহকারী প্রকৌশলী (টিভি)
৩৫.	জনাব মোহাম্মদ হুমায়ুন কবীর	প্রশাসনিক কর্মকর্তা

(১১ তম গ্রেড থেকে ১৬ তম গ্রেড)

ক্রমিক	নাম	পদবী
১.	জনাব মোঃ নোমান	হিসাব রক্ষক
২.	জনাব আহলাদী রাণী ধর	সার্টিলিপিকার কাম কম্পিউটার অপারেটর
৩.	জনাব মোঃ রবিউল ইসলাম	সার্টিলিপিকার কাম কম্পিউটার অপারেটর
৪.	জনাব মোঃ তারিক হাসান	সহকারী হিসাবরক্ষক
৫.	জনাব সুধীর মন্ডল	সিনিয়র মেকানিক
৬.	জনাব জি. এম. সাইফুল ইসলাম	সার্টিলিপিকার কাম কম্পিউটার অপারেটর
৭.	জনাব মোঃ আরিফ আসমার রাজিব	সার্টিলিপিকার কাম কম্পিউটার অপারেটর
৮.	জনাব মোঃ ইউসুব আলী	ট্রান্সপোর্ট সুপারভাইজার
৯.	ডা: মোহাম্মদ গিয়াস উদ্দীন	উচ্চমান সহকারী
১০.	জনাব মোঃ আমিনুল ইসলাম	সহকারী হিসাবরক্ষক
১১.	জনাব মো: মেহেদী হাসান	সার্টিলিপিকার কাম কম্পিউটার অপারেটর
১২.	জনাব মোঃ আলাউদ্দিন খিলজী	ভান্ডাররক্ষক
১৩.	জনাব মোঃ আশরাফুল ইসলাম	কেয়ার টেকার
১৪.	জনাব মোছাঃ সাজেদা খাতুন	ভান্ডাররক্ষক
১৫.	জনাব মোঃ রায়হান ইসলাম	মেকানিক
১৬.	জনাব মোঃ সেলিম মিয়া	কার্টমিস্ত্রী
১৭.	জনাব জাকারিয়া	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
১৮.	জনাব রিতা নূরুল নাহার	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
১৯.	জনাব মোঃ বোরহান উদ্দিন	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
২০.	জনাব শিউলী খাতুন	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
২১.	জনাব মোঃ সেলিম রেজা	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
২২.	জনাব মোঃ আবুল কালাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
২৩.	জনাব শাহরিয়া ইসলাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
২৪.	জনাব মোঃ মাহমুদুল হাসান	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
২৫.	জনাব মোহাম্মদ জিয়াউল আলম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
২৬.	জনাব কাজী ইসমাইল	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
২৭.	জনাব মোঃ আবদুস ছামাদ	বিদ্যুৎ মিস্ত্রী

২৮.	জনাব আইনুর নাহার	টেলিফোন অপারেটর
২৯.	জনাব শাম্মী আক্তার	ক্যাশিয়ার
৩০.	জনাব মোঃ নজরুল ইসলাম	গাড়িচালক
৩১.	জনাব মোঃ দেলোয়ার হোসেন	গাড়িচালক
৩২.	জনাব মোঃ ইব্রাহিম মোগ্লা	গাড়িচালক
৩৩.	জনাব মোঃ আতর আলী	গাড়িচালক
৩৪.	জনাব মোঃ নাছুর আহম্মেদ	গাড়িচালক
৩৫.	জনাব মোঃ এনায়েত	গাড়িচালক
৩৬.	জনাব মোঃ আরিফুল ইসলাম	গাড়িচালক
৩৭.	জনাব ওমর ফারুক	গাড়িচালক
৩৮.	জনাব মোঃ শাহাদাত হোসেন	ক্যাশ সরকার
৩৯.	জনাব মোঃ মাসুদ রানা	ডেসপাচ রাইডার
৪০.	জনাব মোঃ নূর হোসেন	ফটোকপি অপারেটর
৪১.	জনাব মোঃ রজব আলী	অফিস সহায়ক
৪২.	জনাব মোঃ আবদুল হালিম মিয়া	অফিস সহায়ক
৪৩.	জনাব মোঃ আবদুল মালেক	অফিস সহায়ক
৪৪.	জনাব মোঃ রবিউল ইসলাম	অফিস সহায়ক
৪৫.	জনাব মোঃ শাহাদাত হোসেন	অফিস সহায়ক
৪৬.	জনাব মোঃ মামুন মিয়া	অফিস সহায়ক
৪৭.	জনাব রুবিনা আক্তার ডালিয়া	অফিস সহায়ক
৪৮.	জনাব মোঃ সাইফুল ইসলাম	অফিস সহায়ক
৪৯.	জনাব রীতা খানম	অফিস সহায়ক
৫০.	জনাব মোসাঃ লাবনী ইয়াসমীন	অফিস সহায়ক
৫১.	জনাব রকিবুল ইসলাম	অফিস সহায়ক
৫২.	জনাব ইসরাত জাহান লিজা	অফিস সহায়ক
৫৩.	জনাব হাবিবুল বাসার	অফিস সহায়ক
৫৪.	জনাব মোঃ আবুল কালাম আজাদ (১)	নিরাপত্তা প্রহরী
৫৫.	জনাব মোঃ আবদুল মতিন	নিরাপত্তা প্রহরী
৫৬.	জনাব মোঃ আবদুস সাত্তার	নিরাপত্তা প্রহরী
৫৭.	জনাব মোঃ আবুল কালাম আজাদ (২)	নিরাপত্তা প্রহরী
৫৮.	জনাব মোঃ হাশেম আলী	নিরাপত্তা প্রহরী
৫৯.	জনাব মোঃ কামারুল ইসলাম	নিরাপত্তা প্রহরী
৬০.	জনাব মোঃ আনিছুর রহমান	নিরাপত্তা প্রহরী
৬১.	জনাব মোঃ মাইদুল ইসলাম	নিরাপত্তা প্রহরী
৬২.	জনাব মোঃ আবুল হোসেন	মালী
৬৩.	জনাব মুহাঃ আলাউদ্দিন	হোস্টেল বেয়ারার
৬৪.	জনাব মোঃ হানিফ মিয়া	পরিচ্ছন্নতা কর্মী
৬৫.	জনাব মোঃ ইমরান হোসেন	পরিচ্ছন্নতা কর্মী

আউটসোর্সিং (১১জন) (প্রথম ধাপ)

১.	জনাব তামান্না তাহমিনা খান	ক্যাটাগোর
২.	জনাব মোঃ মতিউর রহমান	জেনারেটর মেকানিক কাম পাম্প অপারেটর
৩.	জনাব মোঃ সারেক হোসেন	প্রাঙ্গার
৪.	জনাব মোঃ আব্দুর রহীম	বাবুর্চি
৫.	জনাব আয়শা আক্তার	লিফট অপারেটর কাম ফরাশ
৬.	জনাব মোঃ সোহেল হোসেন	ক্যান্টিন বয়
৭.	জনাব রফিক উদ্দিন	বাবুর্চি সহকারি কাম ডাইনিং বয়
৮.	জনাব মোঃ জাবিরুল ইসলাম	ক্রাশরুম অ্যাটেনডেন্ট
৯.	জনাব মোঃ তারেক খান	ক্রাশরুম অ্যাটেনডেন্ট
১০.	জনাব মোঃ ফিরোজ আলম শাহিন	ক্রাশরুম অ্যাটেনডেন্ট
১১.	জনাব সুব্রত বড়ুয়া	ক্রাশরুম অ্যাটেনডেন্ট

আউটসোর্সিং (২১ জন) (দ্বিতীয় ধাপ)

১.	জনাব মাওলানা মোঃ আশরাফ আলী	ইমাম
২.	জনাব মোঃ সাঈদ হাসান	কম্পিউটার টেকনিশিয়ান
৩.	জনাব মোঃ কবির হুসাইন	ইলেকট্রিশিয়ান
৪.	জনাব মোঃ আলমাছ হোসেন	সাঁউন্ড টেকনিশিয়ান
৫.	জনাব মোঃ রুহুল আমীন	গাড়িচালক
৬.	জনাব মোঃ সুমন আহমেদ	গাড়িচালক
৭.	জনাব মোঃ ওহিদুল ইসলাম	গাড়িচালক
৮.	জনাব মোঃ রমজান আলী	লন্ডি অপারেটর
৯.	জনাব সাজন	ক্রিনার
১০.	জনাব মোঃ মাহমুদুল হাসান	ক্রিনার
১১.	জনাব সীমা রানী অধিকারী	ক্রিনার
১২.	জনাব মকিম উদ্দিন প্রামাণিক	ক্রিনার
১৩.	জনাব শারানা ইসলাম	ল্যাব অ্যাটেনডেন্ট
১৪.	জনাব আফরোজা তানিয়া	সহকারী বাবুর্চি
১৫.	জনাব মিনা রানী দাস	আয়া
১৬.	সৈয়দ রমজান আলী	ক্রাসরুম অ্যাটেনডেন্ট
১৭.	জনাব মোঃ ইউসুফ আলী	ক্রাসরুম অ্যাটেনডেন্ট
১৮.	জনাব মোঃ সাজেদুর রহমান	নিরাপত্তা প্রহরী
১৯.	জনাব মোঃ খালেকুজ্জামান	নিরাপত্তা প্রহরী
২০.	জনাব মোঃ আজম মিয়া	নিরাপত্তা প্রহরী
২১.	জনাব মোঃ ফায়েকুজ্জামান	কেন্টিন বয়

## তৃতীয় অধ্যায়

### ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব ও কার্যাবলী।

এখন হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সকল শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীদের কার্যবন্টন (Job Description) নিম্নরূপ হবে :

#### ৩.১ মহাপরিচালক

##### দায়িত্ব ও কার্যাবলী :

- ১) অধিদপ্তরের প্রধানের দায়িত্ব পালন।
- ২) প্রশাসনিক মন্ত্রণালয়কে অধিদপ্তর সম্পর্কে কারিগরি বিষয়ে সুচিন্তিত পরামর্শ প্রদান ও নীতি নির্ধারণে সহায়তা প্রদান।
- ৩) অনুমোদনের জন্য অধিদপ্তরের বাজেট প্রণয়ন এবং মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তার দায়িত্ব পালন।
- ৪) অধিদপ্তরের সার্বিক প্রশাসন ও অন্যান্য কার্যক্রমের প্রধান নিয়ন্ত্রকের দায়িত্ব পালন। সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত বিধি, নির্দেশাবলী, অন্যান্য আদেশ অনুযায়ী অধিদপ্তরের কাজকর্ম পরিচালনা।
- ৫) অধিদপ্তরের কাজকর্মের সুষ্ঠু ব্যবস্থাপনা ও শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন।
- ৬) প্রচলিত বিধিবিধান অনুযায়ী অধিদপ্তরের দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ শ্রেণির কর্মচারীদের নিয়োগদান।
- ৭) অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্যে বিধিমোতাবেক কার্যবন্টন ও তত্ত্বাবধান।
- ৮) অধিদপ্তরের সার্বিক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ।
- ৯) অধিদপ্তরের দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের জন্য বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ।
- ১০) অধিদপ্তরের প্রতিনিধিত্ব করা এবং যে ক্ষেত্রে তাঁর পক্ষে ব্যক্তিগতভাবে প্রতিনিধিত্ব করা সম্ভব নয় প্রয়োজনবোধে প্রযোজ্য ক্ষেত্রে তাঁর পক্ষের প্রতিনিধি নির্বাচন করা।
- ১১) প্রতিমাসে একবার অধস্তন কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে মিলিত হওয়া এবং একমাসের অধিককাল সময় পর্যন্ত অনিষ্পন্ন বিষয়ের ব্যাপারে পর্যালোচনা করা এবং সিদ্ধান্ত প্রদান।
- ১২) রাজস্ব আদায় নিশ্চিতকরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং তাঁর নিয়ন্ত্রণাধীন সরকারি পরিসম্পদ রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান।
- ১৩) সরকার প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।

## ৩.২ অতিরিক্ত মহাপরিচালক

### দায়িত্ব ও কার্যাবলী :

- ১) মহাপরিচালককে প্রশাসন ও আর্থিক বিষয়ে এবং পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান।
- ২) প্রশিক্ষণ অনুষ্ঠান ও প্রশিক্ষণ প্রকৌশল শাখার কার্যক্রমের বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদান।
- ৩) লাইব্রেরি ও গবেষণা কার্যক্রমের পরিকল্পনা ও বাস্তবায়নে সহায়তা প্রদান।
- ৪) অধীনস্থদের কার্যক্রমের তত্ত্বাবধান করা।
- ৫) অধিদপ্তরের কার্যক্রমের সুষ্ঠু ব্যবস্থাপনায় মহাপরিচালককে সহায়তা প্রদান।
- ৬) উন্নয়ন কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে পূর্ণ সহায়তা প্রদান।
- ৭) মহাপরিচালক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : মহাপরিচালক

## ৩.৩ পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান)

### দায়িত্ব ও কার্যাবলী :

- ১) প্রশিক্ষণ-অনুষ্ঠান বিষয়ক বার্ষিক প্রশিক্ষণ কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।
- ২) বিসিএস তথ্য (সাধারণ) ক্যাডারের নবীন কর্মকর্তাদের প্রবেশক প্রশিক্ষণের সুষ্ঠু পাঠ্যক্রম প্রণয়ন ও শ্রেণীকক্ষে পাঠদান।
- ৩) উপপরিচালকদের সহযোগিতায় প্রশিক্ষণ অনুষ্ঠান বিষয়ের সার্বিক প্রশিক্ষণ চাহিদা নিরূপণ।
- ৪) প্রশিক্ষণ কার্যক্রমের পূর্ণ বাস্তবায়ন।
- ৫) বার্ষিক প্রশিক্ষণপঞ্জি প্রতিবছর ৩০ জুনের মধ্যে ছাপানোর ব্যবস্থা গ্রহণ।
- ৬) মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : মহাপরিচালক।

## ৩.৪ পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)

### দায়িত্ব ও কার্যাবলী :

- ১) বেতার এবং টেলিভিশন প্রকৌশল কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।
- ২) সুষ্ঠু পাঠ্যক্রম প্রণয়ন ও শ্রেণীকক্ষে পাঠদান।
- ৩) বেতার টেলিভিশন অনুষ্ঠান বিষয়ের সার্বিক প্রশিক্ষণ চাহিদা নিরূপণ।
- ৪) প্রশিক্ষণ কার্যক্রম পূর্ণ বাস্তবায়ন।
- ৫) পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) এর সহযোগিতায় বার্ষিক প্রশিক্ষণপঞ্জি প্রতিবছর ৩০ জুনের মধ্যে ছাপানোর ব্যবস্থা গ্রহণ।
- ৬) মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : মহাপরিচালক।

### ৩.৫ পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

#### দায়িত্ব ও কার্যাবলী :

১. কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, প্রশিক্ষণ, শৃঙ্খলামূলক কার্যক্রম, পেশাগত দক্ষতা বৃদ্ধি ও কল্যাণ ইত্যাদি বিষয়সমূহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
২. প্রশাসনিক কার্যক্রমে মহাপরিচালককে সহায়তা প্রদান।
৩. উর্ধ্বতন কর্তৃপক্ষের তত্ত্বাবধানে প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম পরিচালনা।
৪. হিসাব রক্ষণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম তত্ত্বাবধান।
৫. বাজেট, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।
৬. মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : মহাপরিচালক।

### ৩.৬ উপপরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ/টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ/ চলচ্চিত্র প্রশিক্ষণ/দৃশ্য সজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ)।

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১) পাঠ্যক্রম প্রণয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনে পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান)-কে পূর্ণ সহায়তা প্রদান।
- ২) প্রশিক্ষণ পাঠ্যধারা, কর্মশিবির, সেমিনার, কনফারেন্সের বিষয়বস্তু নির্ধারণে পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) কে সহায়তা প্রদান।
- ৩) শ্রেণিকক্ষে বক্তৃতার বিষয়বস্তু প্রণয়ন ও অনুশীলন, প্রশিক্ষণ পরিচালনা।
- ৪) শ্রেণিকক্ষে পাঠদান, প্রশিক্ষণ উপকরণ প্রস্তুতকরণ, শিক্ষা সফর পরিচালনা ও সমন্বয় সাধন।
- ৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ/পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : পরিচালক (প্রশিক্ষণ-অনুষ্ঠান)।

### ৩.৭ উপপরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ/টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ/ ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ)

#### দায়িত্ব ও কার্যাবলী :

১. পাঠ্যক্রম প্রণয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনে পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) কে সহায়তা প্রদান।
২. প্রশিক্ষণ পাঠ্যধারা, কর্মশিবির, সেমিনার এর বিষয়বস্তু নির্ধারণে পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)-কে সহায়তা প্রদান।
৩. শ্রেণিকক্ষে বক্তৃতার বিষয়বস্তু প্রণয়ন ও অনুশীলন, প্রশিক্ষণ পরিচালনা।
৪. শ্রেণিকক্ষে পাঠদান, প্রশিক্ষণ উপকরণ প্রস্তুতকরণ, শিক্ষা সফর পরিচালনা ও সমন্বয়সাধন।
৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ/ পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল)।

### ৩.৮ উপপরিচালক (গবেষণা)

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১) গবেষণা সংক্রান্ত তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ।
- ২) মাঠ পর্যায়ে গবেষণা কার্যক্রম পরিচালনা।
- ৩) গবেষণা ও গ্রন্থাগারের কার্যক্রম তত্ত্বাবধান।
- ৪) গবেষণা কর্মকর্তা, গ্রন্থাগারিক, সহকারী গ্রন্থাগারিক এবং ডাটা এন্ট্রি অপারেটর/কন্ট্রোল সুপার ভাইজার এর কাজকর্ম তদারকি এবং গ্রন্থাগারের সার্বিক দায়িত্ব পালন ও তদারকি করা।
- ৬) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)।

### ৩.৯ রক্ষণ প্রকৌশলী

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১) বেতার, টেলিভিশন এবং চলচ্চিত্র প্রশিক্ষণ যন্ত্রসামগ্রী পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামতের ব্যবস্থা গ্রহণ।
- ২) যন্ত্রপাতি ও যন্ত্রাংশের চাহিদা নিরূপণ ও সংগ্রহের ব্যবস্থা গ্রহণ।
- ৩) ডকুমেন্টেশন, শ্রেণিকক্ষ, ল্যাবরেটরি যন্ত্রপাতি এবং কম্পিউটার রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন।
- ৪) কারিগরি পরিকল্পনা প্রণয়নে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) কে সহায়তা প্রদান।
- ৫) রক্ষণ শাখার কর্মকর্তা/কর্মচারীদের কাজের সমন্বয়সাধন ও তত্ত্বাবধান।
- ৬) কারিগরি ভান্ডার ভৌত পরীক্ষণ ও ভান্ডারের কার্যক্রম তত্ত্বাবধান।
- ৭) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)।

### ৩.১০ উপপরিচালক (প্রশাসন)

#### দায়িত্ব ও কার্যাবলী :

১. কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, প্রশিক্ষণ, শৃঙ্খলামূলক কার্যক্রম, পেশাগত দক্ষতা বৃদ্ধি ও কল্যাণ ইত্যাদি বিষয়সমূহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
২. প্রশাসন ও সংস্থাপন বিষয়ে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) কে পূর্ণ সহায়তা প্রদান।
৩. তাঁর অধীনস্থদের প্রশাসনিক কার্যক্রম তত্ত্বাবধান এবং সার্বক্ষণিকভাবে মনিটরিং করা।
৪. নথি সংরক্ষণ, তত্ত্বাবধান ও স্টেশনারি ভান্ডার ভৌত পরীক্ষণ।
৫. যানবাহন রক্ষণাবেক্ষণ কাজের তত্ত্বাবধান।
৬. অফিসের জন্য প্রয়োজনীয় ব্যবহার্য পণ্যসামগ্রী আহরণের ব্যবস্থা গ্রহণ ও তত্ত্বাবধান করা।



৭. সপ্তাহে একবার প্রশাসনিক কর্মকর্তা এবং কেয়ারটেকারকে নিয়ে দপ্তরের সকল স্থাপনা ও অফিস প্রাঙ্গণ পরিদর্শনপূর্বক মহাপরিচালকের নিকট প্রতিবেদন পেশ।
৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)।

### ৩.১১ উপপরিচালক (অর্থ)

দায়িত্ব ও কার্যাবলী :

১. হিসাব সংক্রান্ত কার্যক্রম নির্বাহ করা।
২. হিসাবরক্ষণ কার্যক্রম তত্ত্বাবধান।
৩. বরাদ্দকৃত বাজেটের আওতায় ব্যয় নিয়ন্ত্রণ।
৪. আর্থিক বিধিবিধান অনুসরণে সহায়তা প্রদান।
৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)।

### ৩.১২ প্রোগ্রামার

দায়িত্ব ও কার্যাবলী :

- ১) কম্পিউটার, গবেষণা ও প্রশিক্ষণ সংক্রান্ত ডাটা সংরক্ষণ।
- ২) কম্পিউটার প্রোগ্রাম প্রস্তুতকরণ।
- ৩) কম্পিউটার প্রশিক্ষণ পাঠ্যধারায় সহায়তা প্রদান।
- ৪) সহকারী প্রোগ্রামার এর কাজের তত্ত্বাবধান।
- ৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)।

### ৩.১৩ সহকারী প্রোগ্রামার

দায়িত্ব ও কার্যাবলী :

- ১) কম্পিউটার, গবেষণা ও প্রশিক্ষণ সংক্রান্ত ডাটা সংরক্ষণ।
- ২) কম্পিউটার প্রোগ্রাম প্রস্তুতকরণে প্রোগ্রামারকে সহায়তা প্রদান।
- ৩) কম্পিউটার প্রশিক্ষণ পাঠ্যধারায় সহায়তা প্রদান।
- ৪) ডাটা এন্ট্রি /কন্ট্রোল সুপারভাইজার-এর কাজের তত্ত্বাবধান।
- ৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : কম্পিউটার প্রোগ্রামার

৩.১৪ সহকারী পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ/ টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ/চলচ্চিত্র প্রশিক্ষণ/দৃশ্য সজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ/গণযোগাযোগ প্রশিক্ষণ)।

দায়িত্ব ও কার্যাবলী :

- ১) প্রশিক্ষণ কার্যক্রম প্রণয়ন ও পরিচালনে সহায়তা প্রদান।
- ২) প্রশিক্ষণ উপকরণ, প্রশিক্ষণ সহায়ক পুস্তিকা, হ্যান্ড আউট প্রস্তুতকরণ এবং পাঠ্যধারা সমন্বয়কের দায়িত্ব পালন।
- ৩) শ্রেণিকক্ষে পাঠদান।
- ৪) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সংশ্লিষ্ট উপপরিচালক।

৩.১৫ সহকারী পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ/টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ/ক্যামেরা ও আলোক সম্পাত প্রশিক্ষণ)।

দায়িত্ব ও কার্যাবলী :

১. প্রশিক্ষণ কার্যক্রম প্রণয়ন ও পরিচালনে সহায়তা প্রদান।
২. প্রশিক্ষণ উপকরণ, প্রশিক্ষণ সহায়ক পুস্তিকা, হ্যান্ড আউট প্রস্তুতকরণ এবং পাঠ্যধারা সমন্বয়কের দায়িত্ব পালন।
৩. শ্রেণিকক্ষে পাঠদান।
৪. উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সংশ্লিষ্ট উপপরিচালক।

৩.১৬. গবেষণা কর্মকর্তা (বেতার, টেলিভিশন, চলচ্চিত্র ও গণযোগাযোগ)

দায়িত্ব ও কার্যাবলী :

- ১) গবেষণা কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ।
- ২) মার্চ পর্যায়ে গবেষণা কার্যক্রম পরিচালনা।
- ৩) গবেষণা সংক্রান্ত তথ্য ও উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও পর্যালোচনা।
- ৪) গবেষণা প্রতিবেদন প্রণয়ন।
- ৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : উপপরিচালক (গবেষণা)।

৩.১৭ সহকারী পরিচালক (প্রশাসন)

দায়িত্ব ও কার্যাবলী :

- ১) কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, প্রশিক্ষণ, শৃঙ্খলামূলক কার্যক্রম, পেশাগত দক্ষতা বৃদ্ধি ও কল্যাণ ইত্যাদি বিষয়সমূহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ২) প্রশাসন ও সংস্থাপন বিষয়ে সহায়তা প্রদান।

- ৩) অফিস যন্ত্রপাতি, যানবাহন, আসবাবপত্র রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ।
- ৪) দপ্তর ভবনের নিরাপত্তা ব্যবস্থা তত্ত্বাবধান ও নিরাপত্তা প্রহরীদের দায়িত্ব বন্টন।
- ৫) উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় পণ্যসামগ্রী ক্রয়ের প্রক্রিয়াকরণ।
- ৬) মন্ত্রণালয়, স্বায়ত্বশাসিত এবং অন্যান্য দপ্তরের সঙ্গে যোগাযোগ ও সমন্বয়সাধন।
- ৭) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো প্রশাসনিক দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : উপপরিচালক (প্রশাসন)।

### ৩.১৮ সহকারী পরিচালক (অর্থ)

দায়িত্ব ও কার্যাবলী :

- ১) হিসাবরক্ষণ কার্যক্রম তত্ত্বাবধান।
- ২) হিসাব নিরীক্ষণের ব্যবস্থা গ্রহণ।
- ৩) বাজেট প্রস্তুতকরণ এবং আয়ন ও ব্যয়নে সহায়তা প্রদান।
- ৪) আর্থিক বিষয়ে অন্যান্য প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রক্ষাকরণ।
- ৫) অনুমোদিত বাজেটের আওতায় ব্যয় নিয়ন্ত্রণে সহায়তা প্রদান।
- ৬) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : উপপরিচালক (অর্থ)।

### ৩.১৯ গ্রন্থাগারিক

দায়িত্ব ও কার্যাবলী :

- ১) বই, সংবাদপত্র, সাময়িকী ও গবেষণা প্রতিবেদন শ্রেণিবিন্যাসকরণ।
- ২) বই, সংবাদপত্র, সাময়িকী সংগ্রহের ব্যবস্থাগ্রহণ ও সংরক্ষণ।
- ৩) গ্রন্থাগারের দায়িত্ব পালন।
- ৪) সংবাদ পত্র ক্লিপিং এর মাধ্যমে সংবাদ হালনাগাদকরণ।
- ৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : উপপরিচালক (গবেষণা)।

### ৩.২০ চিত্রগ্রাহক (চলচ্চিত্র/ইলেকট্রনিক)

দায়িত্ব ও কার্যাবলী :

- ১) চলচ্চিত্র নির্মাণে চিত্রগ্রহণের দায়িত্ব পালন।
- ২) ইলেকট্রনিক ক্যামেরায় চিত্রগ্রহণের দায়িত্ব পালন।
- ৩) প্রশিক্ষণ পাঠ্যধারায় অনুশীলন, অনুষ্ঠান নির্মাণ, চিত্রগ্রহণ ও আলোক নির্দেশনার দায়িত্ব পালন।
- ৪) ক্যামেরা ও আলোক সম্পাত পাঠ্যধারায় সহায়তা প্রদান।
- ৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : রক্ষণ প্রকৌশলী।

### ৩.২১ সহকারী রক্ষণ প্রকৌশলী

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১) যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণে সহায়তা প্রদান।
- ২) বেতার, টেলিভিশন এবং চলচ্চিত্র প্রশিক্ষণ যন্ত্রপাতি পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামতের ব্যবস্থা গ্রহণ।
- ৩) যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আহরণে সহায়তা প্রদান।
- ৪) অনুষ্ঠান ধারণে সহায়তা প্রদান।
- ৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : রক্ষণ প্রকৌশলী।

### ৩.২২ সহকারী গ্রন্থাগারিক

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। বই, সংবাদপত্র, ম্যাগাজিন প্রভৃতি গ্রন্থাগারে সংরক্ষণ।
- ২। বই সংবাদপত্র, ম্যাগাজিন ছাড়াও অন্যান্য প্রয়োজনীয় রেফারেন্স সামগ্রী ক্রয়ের জন্য গ্রন্থাগারিককে সহায়তা প্রদান।
- ৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ/প্রশিক্ষার্থীদের পড়ার সুবিধার্থে পত্রিকা/ম্যাগাজিন ক্লিপিংকরণ ও বিতরণ।
- ৪। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো কাজ।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : গ্রন্থাগারিক

### ৩.২৩ গণসংযোগ কর্মকর্তা

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। মহাপরিচালক বা উর্ধ্বতন কর্তৃপক্ষের দাপ্তরিক কাজ, যা কোন বহিঃ দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর/মন্ত্রণালয়/বিভাগে অবস্থিত।
- ২। প্রশিক্ষণ কাজে সহায়তার জন্য সম্পদব্যক্তিদের (Resource person) সঙ্গে যোগাযোগ।
- ৩। বহিঃবাংলাদেশ হতে আগত সম্পদব্যক্তিদের বাংলাদেশে গ্রহণ/অভ্যর্থনা/বিদায় জ্ঞাপন।
- ৪। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : উপপরিচালক (প্রশাসন)।

### ৩.২৪ প্রশাসনিক কর্মকর্তা

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, প্রশিক্ষণ, শৃঙ্খলামূলক কার্যক্রম, পেশাগত দক্ষতা বৃদ্ধি ও কল্যাণ ইত্যাদি বিষয়সমূহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ২। প্রশাসন ও সংস্থাপন বিষয়ে সহকারী পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (প্রশাসন) কে সার্বিক সহায়তা প্রদান।
- ৩। অফিসের আসবাবপত্র ও অন্যান্য সম্পদ রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ।

- ৪। দপ্তর ভবন, ডরমিটরি ভবন, সাব স্টেশন, গ্যারেজসহ অন্যান্য এলাকার নিরাপত্তা ব্যবস্থার তত্ত্বাবধান ও উপপরিচালক (প্রশাসন) এর অধীনে সপ্তাহে একবার পরিষ্কার পরিচ্ছন্ন কাজের পরিদর্শনে অংশগ্রহণ।
- ৫। গ্রহণ ও প্রেরণ শাখার তত্ত্বাবধান করা।
- ৬। বছরান্তে রেকর্ডের শ্রেণিবিন্যাস, কর্মকর্তা ও কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন, স্টোরের ইনভেন্টরি লিস্ট ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সহকারী পরিচালক/উপপরিচালক (প্রশাসন) কে সার্বিক সহায়তা প্রদান।
- ৭। প্রশাসন শাখায় তার অধীনস্থ সকল কর্মচারীর কাজকর্ম তদারকি করা।
- ৮। কর্মচারীদের হাজিরা বই রক্ষণ এবং এ বিষয়ে প্রয়োজনীয় তদারকি করা।
- ৯। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী পরিচালক (প্রশাসন)।

### ৩.২৫ স্টোর অফিসার

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। স্টোরের যাবতীয় বৈদ্যুতিকসামগ্রী, প্রশিক্ষণসামগ্রী ও লেখসামগ্রী সংরক্ষণের নিশ্চয়তা বিধান।
- ২। বৈদ্যুতিক, প্রশিক্ষণ ও লেখ সামগ্রী ক্রয়ের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব পেশ।
- ৩। সংগৃহীত সামগ্রী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিলি করা ও রেকর্ড নিশ্চিতকরণ।
- ৪। স্টেশনারি ও মুদ্রণ অফিস হতে সংশ্লিষ্ট মালামাল সংগ্রহের ব্যবস্থা।
- ৫। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী রক্ষণ প্রকৌশলী।

### ৩.২৬ হোস্টেল তত্ত্বাবধায়ক

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। ডরমিটরিতে অবস্থানকারীদের জন্য কক্ষ/সিট বরাদ্দ।
- ২। ডরমিটরিতে অবস্থানকারীদের নিকট থেকে ভাড়া আদায় করে সরকারি কোষাগারে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণ।
- ৩। ডরমিটরির শৃঙ্খলা রক্ষা।
- ৪। ডরমিটরির আসবাবপত্র, তৈষজপত্র ইত্যাদি সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ।
- ৫। উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী পরিচালক (প্রশাসন)।

### ৩.২৭ ডাটা অ্যান্ড্রি /কন্ট্রোল সুপারভাইজার

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। ইনস্টিটিউটের গবেষণা ও প্রকাশনা কাজসমূহের ডাটা বেইজ এন্ট্রি করা।
- ২। নেটওয়ার্কিং কাজে সহযোগিতা করা।

- ৩। ভাটা ব্যাকআপ রাখা।
- ৪। ওয়ার্ড প্রসেসিং কাজ সম্পাদন।
- ৫। ট্রেনিং কাজে সহযোগিতা করা।
- ৪। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : কম্পিউটার প্রোগ্রামার।

### ৩.২৮ উপসহকারী প্রকৌশলী (বেতার)

দায়িত্ব ও কার্যাবলী :

- ১। বেতার যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে সহায়তাকরণ।
- ২। বেতার স্টুডিওতে অনুষ্ঠান ধারণ ও কারিগরি সহযোগিতা প্রদান।
- ৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী রক্ষণ প্রকৌশলী।

### ৩.২৯ উপসহকারী প্রকৌশলী (টেলিভিশন)

দায়িত্ব ও কার্যাবলী :

- ১। টেলিভিশন যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে সহায়তাকরণ।
- ২। টিভি স্টুডিওতে অনুষ্ঠান ধারণ ও কারিগরি সহযোগিতা প্রদান।
- ৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী রক্ষণ প্রকৌশলী।

### ৩.৩০ উপসহকারী প্রকৌশলী (শীতাতপ)

দায়িত্ব ও কার্যাবলী :

- ১। ইনস্টিটিউটের কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র মেরামতের জন্য ব্যয় প্রাক্কলন, দরপত্র আহবান ও ছোট খাট মেরামত কাজ সম্পন্নকরণ।
- ২। কক্ষ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রগুলো মেরামতের জন্য প্রয়োজনীয় কাজ সম্পন্নকরণ এবং প্রতিবছর একবার নিয়মিত সার্ভিসিং করা।
- ৩। প্রশিক্ষণ/সেমিনার কক্ষসমূহে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য সচেষ্টিত থাকা।
- ৪। উর্ধ্বতন কর্তৃপক্ষের কক্ষগুলোতে শীতাতপ ব্যবস্থা নিশ্চিতকরণের ব্যবস্থা করা।
- ৫। অফিসের লিফট চলাচল, রক্ষণাবেক্ষণ ও মেরামতের ব্যবস্থা গ্রহণ।
- ৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী রক্ষণ প্রকৌশলী।

### ৩.৩১ উপসহকারী প্রকৌশলী (তড়িৎ)

### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। দপ্তর ভবন, ডরমিটরি ভবন, সাবস্টেশন, নিরাপত্তা বাতি প্রভৃতির বৈদ্যুতিক ব্যবস্থার রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন।
- ২। বৈদ্যুতিক মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুতকরণ, দরপত্র তফসিল প্রণয়ন, দরপত্র মূল্যায়নে সহায়তা প্রদান।
- ৩। মেরামত সংক্রান্ত বৈদ্যুতিক কাজ সঠিকভাবে সম্পাদনের দায়িত্ব পালন।
- ৪। সাবস্টেশনের এইচ-টি, এল-টি, পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট প্যান্ট রুটিন মাফিক পরিদর্শন, রক্ষণাবেক্ষণ, মেরামতের ব্যবস্থা গ্রহণ, মেরামতের ব্যয় প্রাক্কলন প্রণয়ন, দরপত্র তফসিল প্রণয়ন, দরপত্র তফসিলের মূল্যায়নে সহায়তা প্রদান।
- ৫। পানির পাম্প, জেনারেটর, গভীর নলকূপ রক্ষণাবেক্ষণ, মেরামতের ব্যবস্থা গ্রহণ, মেরামত সংক্রান্ত আনুসঙ্গিক ব্যবস্থা গ্রহণ।
- ৬। বৈদ্যুতিক পণ্যসামগ্রী আহরণের ব্যবস্থা গ্রহণ।
- ৭। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী রক্ষণ প্রকৌশলী।

### ৩.৩২ হিসাব রক্ষক

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। হিসাব সংরক্ষণ।
- ২। কর্মকর্তাদের বেতনের বিল এবং ভ্রমণভাতা বিল প্রস্তুতকরণ।
- ৩। অঘোষিত কর্মচারীদের ছুটির হিসাব প্রণয়ন।
- ৪। ঠিকাদার/সরবরাহকারী/পাবলিক ইউটিলিটি সার্ভিস/আনুষঙ্গিক বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ।
- ৫। হিসাব শাখার অন্যান্য কর্মচারীদের কাজ তদারকিকরণ।
- ৬। সহকারী পরিচালক (অর্থ) কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী পরিচালক (অর্থ)।

### ৩.৩৩ প্রধান সহকারী

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। সরকারি নির্দেশ/সার্কুলার সমূহের জন্য গার্ড ফাইল সংরক্ষণ।
- ২। অনিষ্পন্ন বিষয় এর তালিকা প্রস্তুতকরণ এবং অনুধাবন।
- ৩। নিরাপত্তা প্রহরী ও এম এল এস এসদের দায়িত্ব বন্টন সংক্রান্ত তালিকা প্রস্তুতকরণ।
- ৪। বার্তাবাহককে দায়িত্ব প্রদান এবং দায়িত্ব পালন সংক্রান্ত বিষয়ে তদারকিকরণ।
- ৫। ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের সাজপোশাক বন্টনের রেজিস্টার সংরক্ষণ।
- ৬। প্রশাসন শাখার অন্যান্য কর্মচারীদের কাজ তদারকিকরণ।
- ৭। প্রশাসনিক অফিসার/সহকারী পরিচালক (প্রশাসন) কর্তৃক প্রদত্ত যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী পরিচালক (প্রশাসন)।

### ৩.৩৪ সহকারী হিসাব রক্ষক

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। অঘোষিত কর্মচারীদের বেতনের বিল ও ভ্রমণভাতার বিল প্রণয়ন।
- ২। আনুষঙ্গিক বিল প্রণয়ন।
- ৩। হিসাবরক্ষণ কাজে সহায়তাকরণ।
- ৪। হিসাব রক্ষক/সহকারী পরিচালক (অর্থ) কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী পরিচালক (অর্থ)।

### ৩.৩৫ উচ্চমান সহকারী

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। কর্মচারী কল্যাণ নথি সংরক্ষণ।
- ২। প্রশাসন শাখার নথিপত্র সংরক্ষণ, উপস্থাপন।
- ৩। কর্মচারীদের সার্ভিস বহি সংরক্ষণ এবং সার্ভিস বহিতে ছুটি ও অন্যান্য অ্যান্ট্রিকরণ এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সার্ভিস বহি প্রত্যয়নকরণ।
- ৪। দপ্তরের প্রয়োজনীয় পণ্যসামগ্রী ক্রয়ে প্রক্রিয়াকরণে সহকারী পরিচালক/উপপরিচালক (প্রশাসন) কে সহায়তা প্রদান।
- ৫। প্রশাসনিক অফিসার/সহকারী পরিচালক (প্রশাসন) কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : প্রশাসনিক কর্মকর্তা।

### ৩.৩৬ সঁটলিপিকার

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালক এর টেলিফোন অ্যাটেন্ড করা এবং ডিকটেশন গ্রহণ।
- ২। মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালক এর অফিসের মুদ্রণ কাজ সম্পাদন।
- ৩। মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালক এর চিঠিপত্র, নথি গ্রহণ ও বিতরণ রেজিস্টার সংরক্ষণ।
- ৪। মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালক এর জন্য প্রয়োজনীয় লেখসামগ্রী ও অন্যান্য দ্রব্যের অধিযাচন প্রদান।
- ৫। মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালক এর জন্য আসবাবপত্র, সাজসরঞ্জাম, তৈজসপত্র ইত্যাদি দ্রব্যের অধিযাচন প্রদান।
- ৬। মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালক কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক/পরিচালক।



### ৩.৩৭ ট্রান্সপোর্ট সুপারভাইজার

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। গাড়িচালক ও যানবাহনের দৈনিক তত্ত্বাবধান।
- ২। গাড়ির লগবহি পরীক্ষা।
- ৩। গাড়ির ত্রুটি নিরূপণ করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট মেরামতের জন্য পেশ।
- ৪। টায়ার, টিউব, তেল, মবিল প্রভৃতি ক্রয়ের জন্য প্রস্তাব।
- ৫। গাড়িচালকদের অধিকালভাতা পরীক্ষা করা।
- ৬। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে কোন দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী পরিচালক (প্রশাসন)।

### ৩.৩৮ সিনিয়র মেকানিক

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। অডিয়ো ভিজুয়াল যন্ত্রপাতির ছোটোখাটো মেরামত ও রক্ষণাবেক্ষণ এ সহায়তা প্রদান।
- ২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী রক্ষণ প্রকৌশলী।

### ৩.৩৯ কেয়ারটেকার

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। ইনস্টিটিউটের আওতাধীন ভবনসমূহের কক্ষের চাবি সংরক্ষণ, কক্ষসমূহ নির্ধারিত সময়ে খোলানো এবং বন্ধ করানোর দায়িত্ব পালন।
- ২। ইনস্টিটিউটের আওতাধীন সরকারি সম্পত্তির নিরাপত্তা বিধান, পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং মালী, বাডুদার এবং নিরাপত্তা প্রহরীদের কাজের তদারকি করা।
- ৩। ডরমিটরির চাবি সংরক্ষণ, নিরাপত্তার ব্যবস্থা ও পরিষ্কার-পরিচ্ছন্নকরণ।
- ৪। সাবস্টেশন, পাম্প হাউজ, জেনারেটর হাউজ, গ্যারেজ প্রভৃতির চাবি সংরক্ষণ, পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করণ ও নিরাপত্তার ব্যবস্থাকরণ।
- ৫। সপ্তাহে একবার উপপরিচালক (প্রশাসন) ও প্রশাসনিক কর্মকর্তার সাথে অফিসের সকল স্থাপনা ও প্রাঙ্গণ পরিদর্শন করে মহাপরিচালকের নিকট প্রতিবেদন পেশে সহায়তা প্রদান।
- ৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : প্রশাসনিক কর্মকর্তা।

### ৩.৪০ ভাণ্ডার রক্ষক

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। ভৌত পরীক্ষা করে যেকোনো পণ্য ভাণ্ডারে গ্রহণ ও সংরক্ষণ।

- ২। ভাণ্ডারের গ্রহণ বহি, বিতরণ বহি, লেজার বহি, পরিসম্পদ বহি সংরক্ষণ।
- ৩। পণ্য গ্রহণ ও বিতরণের পর সংশ্লিষ্ট বহিতে লিপিবদ্ধকরণ এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক বহিতে প্রত্যয়ন গ্রহণ।
- ৪। ভাণ্ডার বহি নিজ দায়িত্বে সংরক্ষণ।
- ৫। অনুমোদিত পদ্ধতি অনুযায়ী ভাণ্ডারের বার্ষিক ভৌত পরীক্ষার ব্যবস্থাকরণ।
- ৬। অধিযাচনপত্র সংরক্ষণ।
- ৭। ভাণ্ডারের চাবি এবং নথি সংরক্ষণ।
- ৮। ব্যবহারের অযোগ্য যন্ত্রপাতি/পণ্যের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রস্তাব উপস্থাপন।
- ৯। ভাণ্ডারের উপযুক্ত নিরাপত্তা গ্রহণ।
- ১০। স্টক নিঃশেষিত পণ্য ক্রয়ের প্রস্তাব উপস্থাপন।
- ১১। বার্ষিক প্রয়োজনীয় লেখসামগ্রীর অধিযাচন প্রণয়ন এবং বাংলাদেশ লেখসামগ্রী কার্যালয় থেকে লেখসামগ্রী সংগ্রহ।
- ১২। রক্ষণ প্রকৌশলী কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : স্টোর অফিসার।

### ৩.৪১ মেকানিক

দায়িত্ব ও কার্যাবলী :

- ১। অডিয়ো-ভিজুয়াল যন্ত্রপাতির ছোটোখাটো মেরামত ও রক্ষণাবেক্ষণে সিনিয়র মেকানিককে সহায়তা প্রদান।
- ২। কেন্দ্রীয় শীতাতপযন্ত্র এবং শীতাতপ যন্ত্র রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে সহায়তা প্রদান।
- ৩। সহকারী রক্ষণ প্রকৌশলী কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী রক্ষণ প্রকৌশলী।

### ৩.৪২ কাঠমিস্ত্রী

দায়িত্ব ও কার্যাবলী :

- ১। প্রশিক্ষণ কাজে প্রয়োজনীয় সেট নির্মাণ।
- ২। আসবাবপত্র তৈরি ও মেরামতকরণ।
- ৩। সহকারী পরিচালক (দৃশ্য সজ্জা ও রেখায়ন) প্রদত্ত সেট নির্মাণ সংক্রান্ত কাজে সহায়তা প্রদান।
- ৪। সহকারী রক্ষণ প্রকৌশলী কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী রক্ষণ প্রকৌশলী।

### ৩.৪৩ নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক

দায়িত্ব ও কার্যাবলী :

- ১। নথিপত্র সংরক্ষণ।
- ২। অফিসের সকল প্রকার ইংরেজি ও বাংলা মুদ্রণ কাজ সম্পাদন।
- ৩। নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : প্রশাসনিক কর্মকর্তা।

### ৩.৪৪ ক্যাশিয়ার

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। দৈনন্দিন লেনদেনের হিসাব ক্যাশ বহিতে লিপিবদ্ধ করণ এবং আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন গ্রহণ এবং ক্যাশ বহি সংরক্ষণ।
- ২। পাশকৃত সকল বিলের চেক তৈরি ও প্রাপকের নিকট বিতরণ।
- ৩। ইস্যুকৃত চেকের রেজিস্টার সংরক্ষণ এবং ব্যাংক রিকনসিলেশন স্টেটমেন্ট প্রণয়ন।
- ৪। পরিশোধিত বিল/ভাউচার সংরক্ষণ।
- ৫। বেতনের বিল অনুযায়ী কর্মচারীদের বেতন প্রদান।
- ৬। অগ্রিম প্রদানের রেজিস্টার সংরক্ষণ।
- ৭। হিসাব শাখার সিন্দুক এবং উহার চাবি সংরক্ষণ।
- ৮। সহকারী হিসাব রক্ষক/হিসাব রক্ষক/সহকারী পরিচালক (অর্থ) কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : হিসাব রক্ষক।

### ৩.৪৫ বিদ্যুৎ মিস্ত্রী

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। বৈদ্যুতিক সাজসরঞ্জামের ছোটোখাটো মেরামতকরণ।
- ২। প্রয়োজনীয় অকেজো বাল্ব, টিউবলাইট, ফিউজ প্রতিস্থাপন।
- ৩। বড় রকমের বৈদ্যুতিক মেরামত বিষয়ে সহকারী রক্ষণ প্রকৌশলীকে পরামর্শ প্রদান।
- ৪। উপসহকারী প্রকৌশলী/সহকারী রক্ষণ প্রকৌশলী/ রক্ষণ প্রকৌশলী কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : সহকারী রক্ষণ প্রকৌশলী।

### ৩.৪৬ টেলিফোন অপারেটর

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। প্রতি কর্মদিবসে অফিস সময়ে পিএবিএক্স বোর্ড খোলা রাখা।
- ২। ট্রাংক কল এবং স্থানীয় কলের রেজিস্টার সংরক্ষণ।
- ৩। ট্রাংকলকারী কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে কলের চার্জ গ্রহণ করে ক্যাশিয়ারের নিকট জমাদান।
- ৪। পিএবিএক্স এর মাধ্যমে সকল প্রকার বার্তা অফিসের ভিতর এবং বাহিরে প্রেরণ।
- ৫। অভ্যাগতদেরকে অভ্যর্থনাঙ্গাপন এবং প্রার্থিত বিষয়ে সহযোগিতা প্রদান।
- ৬। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : প্রশাসনিক কর্মকর্তা।

### ৩.৪৭ গাড়িচালক

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। কর্তব্য পালনের জন্য সহকারী পরিচালক (প্রশাসন)/যানবাহন তত্ত্বাবধায়ক এর নিকট থেকে গাড়ি এবং অন্যান্য যন্ত্রাংশ বুঝে নিয়ে প্রতিদিন দায়িত্ব পালন।
- ২। পদ্ধতি অনুযায়ী লগবহি লিখন এবং ভ্রমণকারী কর্মকর্তা/কর্মচারীর লগবহিতে স্বাক্ষর গ্রহণ এবং লগবহি সংরক্ষণ।
- ৩। প্রতিদিন সঠিকভাবে গাড়ি পরিষ্কার পরিচ্ছন্ন এবং রক্ষণাবেক্ষণ।
- ৪। নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : ট্রান্সপোর্ট সুপারভাইজার।

### ৩.৪৮ ক্যাশ সরকার

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে দাখিলকৃত বিলের টোকেন নং এবং চেক নম্বরের রেজিস্টার সংরক্ষণ।
- ২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে বিল জমা দিয়ে চেক সংগ্রহ করা।
- ৩। ক্যাশিয়ার/সহকারী হিসাব রক্ষক/হিসাব রক্ষক কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : হিসাব রক্ষক।

### ৩.৪৯ ডেসপ্যাচ রাইডার

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। সম্ভব অনুযায়ী যেকোনো স্থানে চিঠিপত্র বিলিবন্টন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত অন্য যে কোন দাপ্তরিক কাজ সমাধা।
- ২। প্রধান সহকারী/প্রশাসনিক অফিসার/সহকারী পরিচালক (প্রশাসন) কর্তৃক প্রদত্ত অন্য যেকোনো দায়িত্ব পালন।

তত্ত্বাবধানকারী কর্মকর্তা : প্রশাসনিক কর্মকর্তা।

### ৩.৫০ অনুলিপি যন্ত্রচালক

#### দায়িত্ব ও কার্যাবলী :

- ১। অনুলিপি যন্ত্র এবং ফটোকপিয়ার যন্ত্র চালনা এবং সপ্তাহে একবার পরিষ্কার করা।
- ২। অনুলিপি যন্ত্র ও ফটোকপিয়ার যন্ত্রে কোন ত্রুটি দেখা দিলে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ।
